49

দৈনিক সংবাদ

তারিখ 23 AUG 1987
পৃষ্ঠা ১২ কলাম ৭

ফলোআপ

# জগন্নাথ কলেজে ভর্তি জালিয়াতি তদন্তে কমিটি গঠন

জগন্নাথ কলেজ সংবাদদাতা। সরকারি জগন্নাথ কলেজে এ বছর স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে ব্যাপক অনিয়ম হয়েছে। এই ঘটনা তদন্তের জন্য বিভাগীয় প্রধানদের নেতৃত্বে তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

কলেজ সূত্রে জানা গেছে, তদন্ত কমিটি প্রাথমিক পর্যায়ে ভর্তি ক্ষেত্রে জালিয়াতি করায় হিসাব বিজ্ঞান বিভাগে ৩ জন ছাত্রের ভর্তি সাময়িকভাবে বাতিল করেছে। এছাড়া দর্শন বিভাগে ৪ জন, ব্যবস্থাপনা বিভাগে ৬ জন, সাধারণ ইতিহাস বিভাগে ১ জন ছাত্রের ভর্তি সাময়িকভাবে বাতিল করা হয়েছে।

সূত্রে আরো জানা গেছে, তদন্ত কমিটির সামনে অভিযুক্ত ছাত্রদের উপস্থিত থাকার নির্দেশ দিলেও অনেকেই উপস্থিত হয়নি।

ভর্তি জালিয়াতি ও দুর্নীতি নিয়ে 'সংবাদ'-এ গত ২৫শে মে একটি রিপোর্ট প্রকাশিত হয়।